

কবি কৃষ্ণচন্দ্র মজুমদার

কথা : কবি কৃষ্ণচন্দ্র মজুমদার সুর ও স্বরলিপি : সাধন সরকার
(তাল : কাহারবা; উপদেশমূলক এই গানটি সর্বসাধারণের জন্য হওয়ায়, দেশজ সুর ব্যবহার করা হয়েছে)

দেখি এই চরাচরে যে যেমন কর্ম করে
তেমন সে ফল তার পায় ।

যে চাষী আলস্য ভরে বীজ না বপন করে—
— পল্ল শস্য পাবে সে কোথায় ?

যদ্যপি শক্তি থাকে পড়িতে দেখহ থাকে
হাত ধরে তুল তুল তারে;

নতুবা তুমি যে কালে পতিত হবে সে হালে
কে তখন তুলিবে তোমারে ?

যদি তুমি ওহে ধীর দুঃখিতের অশ্রুণীর
নিজ করে না কর মোচন,

তব অশ্রু নিরখিয়া দুঃখী হবে কার হিয়া
কে তাহা করিবে নিবারণ ?

II মা পা পা পা | পা পা পা পা | মা ধা পা া | মা পা মা গা |
দে খি এ ই | চ রা চ রে | যে যে ম ন্ | ক র্ম ক রে |
I রা সা া রা | গা া মা পা | মা পা া া | া া া া |
তে ম ন সে | ফ ল্ তা র | পা ০ ০ ০ | ০ ০ ০ য় |

অন্তরা

II পা ধা সী না | ধা ধা ধা ধা | ধা সী সী না | ধা না ধা পা |
যে চা ষী আ | ল স্য ভ রে | বী জ না ব | প ন ক রে |
I পা ধা গা ধা | পা মা গা মা | পা া া া | া া া া |
প ক্ক শ স্য | পা বে সে কো | থা ০ ০ ০ | ০ ০ ০ য় |

২য়, ৩য়, ৪র্থ ও ৫ম অন্তরা, ১ম অন্তরার সুরের অনুরূপ ।

---সমাপ্ত---